# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১১১১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৫. দ্বিতীয় অনুচ্ছেদ - ইমাম ও মুক্তাদীর দাঁড়াবার স্থান

### আরবী

عَن سَمُرَة بن جُنْدُب قَالَ: أَمرَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا كُنَّا ثَلَاثَةً أَنْ يَتَقَدَّمَنَا أَحَدُنَا. رَوَاهُ التِّرْمِذِيّ

### বাংলা

১১১১-[৬] সামুরাহ্ ইবনু জুনদুব (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে আদেশ করেছেন। যখন আমাদের তিন লোক সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করবে তখন আমাদের একজন (উত্তম ব্যক্তি) সামনে চলে যাবে অর্থাৎ ইমামতি করবে। (তিরমিযী)[1]

### ফুটনোট

[1] সানাদ য‘ঈফ : আত্ তিরমিযী ২৩৩। কারণ এর সানাদে ইসমা‘ঈল বিন মুসলিম একজন দুর্বল রাবী এবং হাসান মুদাল্লিস রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীস থেকে বুঝা গেল, ইমামের সাথে সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের ক্ষেত্রে দু’জন মুক্তাদী হলে তাদের দাঁড়ানোর স্থান ইমামের পেছনে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55671

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন